গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালী।
https://pkmc.college.gov.bd

স্মারক নম্বর: ৫৯.১৪.০০০০.১৫২.১১.০০১.২৫.৪১

তারিখ : ২৯ পৌষ ১৪৩১
১৩ জানুয়ারি ২০২৫

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, পার-১ অধিশাখার স্মারক নং-৫৯.০০.০০০০.১০৯.১১.০৪৪.২১-২৬৯ তারিখ: ২১ মার্চ ২০২৪ খ্রি. অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালীতে রাজস্বখাতে নিম্নোক্ত শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা এবং শর্ত সাপেক্ষে http://pkmc.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সরাসরি আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়। একজন প্রার্থী কেবল মাত্র ০১ (এক) টি পদের জন্য আবেদন করতে পারবেন। একজন প্রার্থী একাধিক পদের বিপরীতে আবেদন করিলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ |
| ১. | মেডিকেল টেকনোলজিস্ট (ফার্মেসী)<br>গ্রেড- ১১<br>১২৫০০-৩০২৩০ | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পাশসহ সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ্ টেকনোলজী হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি)<br>গ্রেড- ১১<br>১২৫০০-৩০২৩০ | ০৫ (পাঁচ) টি | অনূর্ধ্ব ৩২ বছর | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পাশসহ সুরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ্ টেকনোলজী হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা। | |
| ৩. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড- ১৩<br>১১০০০-২৬৫৯০ | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী/সমমান ডিগ্রী পাশ;<br>(খ) সাঁটলিপিতে বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে যথাক্রমে ৭০ ও ৮০ শব্দের গতিসহ বাংলা ২০ ও ইংরেজী ৩০ শব্দের গতি থাকতে হবে; এবং<br>(গ) কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। | |
| ৪. | হিসাব রক্ষক<br>গ্রেড- ১৪<br>১০২০০-২৪৬৮০ | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ন্যূনপক্ষে স্নাতক/সমমান ডিগ্রী;<br>(খ) কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। | |
| ৫. | পরিসংখ্যানবিদ<br>গ্রেড- ১৪<br>১০২০০-২৪৬৮০ | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে ন্যূনপক্ষে স্নাতক বা সমমান ডিগ্রী;<br>(খ) কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। | |
| ৬. | সহকারী লাইব্রেরিয়ান<br>গ্রেড- ১৪<br>১০২০০-২৪৬৮০ | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনপক্ষে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি;<br>(খ) কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। | |
| ৭. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড- ১৬<br>৯৩০০-২২৪৯০ | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) সরকার স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক/সমমান পাশ;<br>(খ) বাংলা ২০ ও ইংরেজী ২৫ শব্দের গতি থাকতে হবে; এবং<br>(গ) কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। | |
| ৮. | অফিস সহায়ক<br>গ্রেড- ২০<br>৮২৫০-২০০১০ | ০৫ (পাঁচ) টি | অনূর্ধ্ব ৩২ বছর | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি / সমমান পাশ। | |

**শর্তাবলি:**

১। ০৪/০২/২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

**ক।** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://pkmc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৪/০১/২০২৫ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা।

**খ।** Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৪/০২/২০২৫ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্তগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

**গ।** Online আবেদনপত্রে প্রার্থীর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB হতে হবে।

**ঘ।** Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সব কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সব তথ্য ও সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**ঙ।** প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

**চ।** SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথ পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থীগণ একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত ১টি Applicant Copy পাবেন। উক্ত Applicant Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে এসএমএস করে ১-২ নং ক্রমিকের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১৮.০০ টাকা মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ৩-৭ নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ৮ নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ০৬.০০ টাকা মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা এবং অনগ্রসর নাগরিক যথা প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ ও ক্ষুদ্রনৃগোষ্ঠী এর জন্য ০১ থেকে ০৮ সকল ক্রমিক নং এর জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ০৬.০০ টাকা মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা। এসএমএস করে অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রের সব অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা দেয়া না পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

পরীক্ষার ফি প্রদানের প্রক্রিয়া:-

প্রথম SMS: PKMC<space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: PKMC ABCDEF
Reply: Applicant's name, Tk. 168/112/56 will be charged as application fee. Your PIN is XXXXXXXXX.
To pay fee type PKMC<space>Yes<space>PIN & send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: PKMC<space>Yes <space>Pin লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: PKMC Yes XXXXXXXXX
Reply: Congratulations Applicant's name, payment has been completed successfully for the post name of PKMC User ID is (ABCDEF) and password is (XXXXXXXXX)

**ছ।** প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pkmc.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

**জ।** SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

**ঝ।** শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে PKMC<space>Help<space>User<space>User ID & send to 16222.
Example: PKMC Help User ABCDEF.
(ii) Pin Number জানা থাকলে PKMC<space>Help<space>PIN<space>Pin No & send to 16222.
Example: PKMC Help PIN 12345678.

**ঞ।** Online এ আবেদন করতে সমস্যা হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে অথবা যেকোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১ নম্বরে।

৩। সরকার নির্ধারিত বিশেষ কোটার চাকুরী প্রার্থীকে ঐ কোটায় চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় সব সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Applicant's User ID সহ সকল সনদপত্রের সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া প্রার্থীর সদ্যতোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৫। বীর মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত শহীদ বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীদের পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র এবং প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৮। নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও পটুয়াখালী মেডিকেল কলেজের ওয়েবসাইট https://pkmc.college.gov.bd এ পাওয়া যাবে।

৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহার ও সংশোধনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

১০। শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধান কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৩। নিয়োগ সম্পর্কিত যেকোন সর্বশেষ তথ্য https://pkmc.college.gov.bd এ পাওয়া যাবে।

- অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম হতে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারক চক্রের সাথে কোনও প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৩.০১.২৫

(অধ্যাপক ডা. মোঃ মনিরুজ্জামান)
অধ্যক্ষ
পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালী।
ফোন নম্বর: ০২৪৭৮৮৩৫৩২৫
patuakhalimc@ac.dghs.gov.bd

স্মারক নম্বর: ৫৯.১৪.০০০০.১৫২.১১.০০১.২৫

তারিখ : ২৯ পৌষ ১৪৩১ / ১৩ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩) জেলা প্রশাসক, পটুয়াখালী
৪) পুলিশ সুপার, পটুয়াখালী।
৫) জনাব দূর-রে- শাহওয়াজ, উপসচিব, (পারসোনেল-১ অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও সদস্য, নিয়োগ কমিটি।
৬) ডা. এফ.এম. আতিকুর রহমান, সহযোগী অধ্যাপক (মেডিসিন) ও উপাধ্যক্ষ, পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালী ও সদস্য সচিব, নিয়োগ কমিটি।
৭) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পটুয়াখালী ও সদস্য, নিয়োগ কমিটি।
৮) উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, বরিশাল ও সদস্য, নিয়োগ কমিটি।
৯) ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পটুয়াখালী।
১০) প্রশাসনিক কর্মকর্তা, পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালী।
১১) হিসাব রক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালী।
১২) ওয়েবসাইট ও সকল নোটিশ বোর্ড (অত্র মেডিকেল কলেজ)।
১৩) অফিস কপি।

(অধ্যাপক ডা. মোঃ মনিরুজ্জামান)
অধ্যক্ষ
পটুয়াখালী মেডিকেল কলেজ, পটুয়াখালী।